দৈনিক ইনকিলাব

তারিখ 30 JUN 2008 পৃষ্ঠা 2 কলাম ৫

### ৭ দফা দাবী পূরণের আহ্বান

# ১৬ হাজার এবতেদায়ী মাদ্রাসার ৮০ হাজার শিক্ষক ২৭ বছর অর্ধাহারে অনাহারে

## -ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির উদ্যোগে আয়োজিত সংবাদ সম্মেলনে জাতীয় স্কেলে বেতন, ভবন নির্মাণ, শিক্ষাসামগ্রী সরবরাহ, সকল শিক্ষকের চাকুরী বৈধকরণ, এমপিওভুক্তিকরণ এবং এবতেদায়ীর জন্য পৃথক অধিদপ্তর প্রতিষ্ঠার দাবী করা হয়েছে। গতকাল জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠকালে সমিতির সভাপতি আলহাজ্ব ক্বারী হাবিবুল্লাহ বেলালী উক্ত দাবী উত্থাপন করেন।

লিখিত বক্তব্যে বলা হয়, ইবতেদায়ী মাদ্রাসা ও কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের ভাগ্য নিয়ে অনেকেই ছিনিমিনি খেলেছেন। যার ফলে মানুষ গড়ার কারিগর শিক্ষক সমাজ আজ মানবেতর জীবনযাপন করছেন। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, সরকার ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই ও উপবৃত্তি দিচ্ছেন, অথচ শিক্ষকদের বেতন দিচ্ছেন না। আধুনিক যামানায় এটা বিশ্বাস করাও কঠিন। যার ফলে ১৬ হাজার ইবতেদায়ী মাদ্রাসার ৮০ হাজার শিক্ষক দীর্ঘ ২৭ বছর যাবৎ অর্ধাহারে অনাহারে দিনাতিপাত করছেন। বিগত সরকার নির্বাচনী ইশতেহারে এবং সরকারী পর্যায়ে নীতিগত সিদ্ধান্ত নিয়ে ছিলেন যে, ইবতেদায়ী মাদ্রাসা ও কর্মরত শিক্ষকদের জাতীয়করণ করা হবে।

হাবিবুল্লাহ বেলালী তত্ত্বাবধায়ক সরকারের সুশাসন প্রতিষ্ঠা ও সংস্কারের লক্ষ্যে ১৬ হাজার অবহেলিত ইবতেদায়ী মাদ্রাসার ৮০ হাজার অধিকার বঞ্চিত শিক্ষকদের প্রাণের দাবী, বাঁচার দাবী ৭ দফা দ্রুত বাস্তবায়ন করে গেজেট প্রকাশের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে অগ্রণী ভূমিকা রেখে স্মরণীয় হয়ে থাকার আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মহাসচিব মাওলানা মোঃ আবদুর রউফ, সিনিয়র সহ-সভাপতি মাওলানা আঃ কাদের মাল, নজরুল ইসলাম রিপন, নজরুল ইসলাম মাহবুব, আলহাজ্ব বোরহানউদ্দিন, নুরুল ইসলাম, আঃ কাইয়ুম ভূইয়া, ইসকান্দর আলী, মোখলেছুর রহমান ও শাহাবউদ্দিন।